

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: মোদের বাংলা ভাষা

উত্তরপত্র ১- লেকচার -১ (২৩.৬.২০)

ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।

১. আমাদের দেশের মানুষের জন্য কোন ভাষা সহজ হবে?

উত্তর: আমাদের দেশের মানুষের জন্য বাংলা ভাষা সহজ হবে।

২. দেশের মানুষকে কোন ভাষা সহ্য করে থাকতে হচ্ছে?

উত্তর: দেশের মানুষকে বিজাতীয় নানা রকম ভাষা সহ্য করে থাকতে হচ্ছে।

৩. কারা দেশের সব মানুষের বেদন বুঝে?

উত্তর: জ্ঞানী, গুণী, মনীষীরা দেশের সব মানুষের বেদন বুঝে।

৪. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছিল?

উত্তর: ভাষার জন্য রফিক, সালাম বরকত সহ অনেক মায়ের নাম না জানা অনেক সন্তান প্রাণ দিয়েছিল।

৫. কোন পথে মুক্তির কথা বলা হয়েছে?

উত্তর: রক্ত পিছল পথের মুক্তির কথা বলা হয়েছে।

৬. ছাত্র-ছাত্রীরা কেন মিছিল করেছিল?

উত্তর: ছাত্র-ছাত্রীরা মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে মিছিল করেছিল।

৭. ছাত্র-ছাত্রীর ওপর কে গুলি চালায়?

উত্তর: ছাত্র-ছাত্রীর ওপর পুলিশ গুলি চালায়।

৮. মাতৃভাষাতে কী প্রকাশ করা যায়?

উত্তর: মাতৃভাষাতে মনের অনুভূতি এবং ভালোবাসা প্রকাশ করা যায়।

৯. কতসালে বেগম সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন?

উত্তর: ২০শে জুন ১৯১১খ্রিষ্টাব্দে বেগম সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন।

১০. বেগম সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?

উত্তর: বেগম সুফিয়া কামাল বরিশালজেলায় জন্মগ্রহণ করেন।

১১. সুফিয়া কামাল কী ছিলেন?

উত্তর: সুফিয়া কামাল কবি ও সমাজসেবী ছিলেন।

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: মোদের বাংলা ভাষা

১২. তাঁর বিখাত কাব্যগ্রন্থগুলোর নাম লিখ?

উত্তর: তাঁর বিখাত কাব্যগ্রন্থগুলোর নাম হলো ‘সাঁঝের মায়া’, ‘মায়াকানন’, ‘ইতল বিতল’, ‘স্বনির্বাচিত কবিতা সংকলন’ ইত্যাদি উল্লেখযোগ্য।

১৩. কতসালে সুফিয়া কামাল মৃত্যুবরণ করেন?

উত্তর: সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৯৯৯ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।

১৪. মোদের বাংলা ভাষা কবিতাটি কোন ভাষা সম্পর্কে লিখা হয়েছে?

উত্তর: মোদের বাংলা ভাষা কবিতাটি বাংলা ভাষা সম্পর্কে লিখা হয়েছে।

১৫. ছাত্র-ছাত্রীর সাথে পুলিশ কী করেছিল?

উত্তর: ছাত্র-ছাত্রীদের মিছিলে পুলিশ গুলি চালিয়েছিল।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ
কামার	যারা লোহা দিয়ে জিনিসপত্র তৈরি করেন
কুমার	যারা মাটি দিয়ে হাঁড়ি, সরা ইত্যাদি তৈরি করেন
সহ্য করা	সওয়া
জ্ঞানী	যাঁর অনেক জ্ঞান
মনীষী	শিক্ষিত জ্ঞানীগুণী বিখ্যাত মানুষ
রক্ত-পিছল	রক্তে যা পিছল হয়েছে
মুক্তি	স্বাধীনতা
বিজাতীয়	অন্য জাতির
বেদন	বেদনা/দুঃখ
মিটাক	মিটিয়ে দিক

গ) কবির নামসহ ‘মোদের বাংলা ভাষা’ কবিতাটির ১ম আট লাইন লিখ।